



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং- ১৪৯/২০১৭

তারিখ : ০৪/০৭/১৪২৪ বঙ্গাব্দ
১৯/১০/২০১৭ খ্রিস্টাব্দ

সম্বিতভাবে ০৮ টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে 'উর্ধ্বতন কর্মকর্তা(সাধারণ)' এর ১৬৬৩টি শূন্য পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test এবং লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড প্রসঙ্গে।

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে এ কমিটির সদস্যভুক্ত সোনালী ব্যাংক লিমিটেড, জনতা ব্যাংক লিমিটেড, রূপালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ও ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ(আইসিবি)-এ 'উর্ধ্বতন কর্মকর্তা(সাধারণ)' এর যথাক্রমে ৫২৭, ১৬১, ২৮৩, ৩৯, ৩৫১, ২৩১, ০১ ও ৭০টি সহ মোট ১৬৬৩ (এক হাজার ছয়শত তেষট্টি)টি শূন্য পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে MCQ Test এবং লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকৃত প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<https://erecruitment.bb.org.bd>) এ আপলোড করা হয়েছে।

পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের আগামী ৩১/১০/২০১৭ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম ও ঠিকানা পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ০৮ টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের ওয়েবসাইটে এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে।

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পরে প্রার্থীদের প্রবেশপত্র সংগ্রহের সুযোগ থাকবে না এবং কোন অবস্থাতেই ডুপ্লিকেট প্রবেশপত্রও ইস্যু করা হবে না।

স্বাক্ষরিত/-
(মোঃ মোশাররফ হোসেন খান)
মহাব্যবস্থাপক
ও
সদস্য-সচিব, বিএসসি

